## শিবচর উপজেলায় ষষ্ঠ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৫ মাসের (২য়) মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব পারভীন খানম<br>প্রশাসক, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ১১-০৩-২০২৫ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | সকাল ১১.০০টায় |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত**

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর গত ২৬-২-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তীব্র জনবলের সংকট বিদ্যমান। ০৫জন বিশেষজ্ঞ ডাক্তারের পদ শূণ্য, ০১জন আবাসিক মেডিকেল অফিসারের পদ শূণ্য এবং ০৪জন মেডিকেল অফিসার অন্যত্র সংযুক্তিতে কাজ করছেন। ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী পদ অনেক শূণ্য পড়ে আছে। সর্বোপরি এখানে কোন নিরাপত্তা প্রহরী নাই, পরিচ্ছন্নতা কর্মী ০৪ জন পদের বিপরীতে কোন কর্মীই নাই। মালি, টিকেট ক্লার্ক, ওয়ার্ড বয় পদগুলো শূন্য। হাসপাতালের ১০০ শয্যায় উন্নিতকরণের কাজ চলমান রয়েছে। হাসপাতালে সাপে কাটা রোগীর ম্যানেজমেন্ট অত্যন্ত যত্নের সাথে এবং সঠিকভাবে হয়ে থাকে। বর্তমানে ডেঙ্গু রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। কিন্তু পর্যাপ্ত পরীক্ষা নিরীক্ষার ব্যবস্থা না থাকায় রোগ নির্ণয় ব্যহত হচ্ছে। এছাড়াও পর্যাপ্ত জনবলের অভাবে হাসপাতালের দেখভাল কষ্টকর হয়ে পড়েছে। এছাড়া তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, জনবল এবং চিকিৎসক পদায়নের করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, L.D.D.P প্রকল্প ও চরাঞ্চল প্রকল্পের আওতায় ২৯০জন খামারিকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া তার দপ্তরে নিয়মিত কার্যক্রম এর মধ্যে (১) টিকা প্রদান-৯০,৩২০ মাত্রা, (২) চিকিৎসা প্রদান-২৪৯০৩, নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-২০টি, গবাদি পশু পাসির ডিজিজ সার্ভিলেন্স-০২টি, ফ্রি ভেটেনারি মেডিকেল টিম-০১টি গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন-০১টি, কৃত্রিম প্রজনন, টিকা প্রদান কার্যক্রম ও চিকিৎসা সেবা প্রদানসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান, চলমান রবি মৌসুমে প্রনোদনা সরিষা ৪,৫০০ জন, গম ১,৫০০ জনের বিনামূল্যেবীজ ও সার বিতরণ করা হয়েছে। বীজ ও সার প্রাপ্তি সাপেক্ষে ধাপে ধাপে বিতরণ করা হবে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগ ঃ**

## "উপজেলা রাজস্ব তহবিল" (URF) ঃ

সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা রাজস্ব তহবিল" (URF)**- এর অর্থায়নে উপজেলা পরিষদের ০২ (দুই)টি কোয়ার্টার নিম্নেবর্ণিত স্কীম সমূহ যথাক্রমে ; (ক) সূর্য্যমূখী ভবন এবং (২) গন্ধরাজ ভবন জরুরী ভিত্তিতে মেরামত করা একান্ত প্রয়োজন। সে প্রেক্ষিতে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহিত জরুরী ভিত্তিতে আলোচনা করতঃ উক্ত ভবন ০২ (দুই)টি মেরামত কাজ করণের নিমিত্তে আরএফকিউ **(RFQ)** কোটেশন দরপত্র আহবান করা যেতে পারে।

**স্কীম সমূহ নিম্নরূপ ঃ**

| ক্রঃ নং | কাজের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | শিবচর উপজেলাধীন কাদিরপুর ইউনিয়নে মানিকপুর হাই স্কুল হতে কাদিরপুর উকিল বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত করণ কাজ। (উপজেলা পরিষদ) | ৫০০০০০.০০ | |
| ২ | শিবচর উপজেলাধীন চরজানাজাত ইউনিয়নে নদীর পাড় ট্রলার ঘাট হতে বাজার পর্যন্ত রাস্তা মেরামত করণ কাজ। (উপজেলা পরিষদ) | ৫০০০০০.০০ | |
| | সর্বমোট= | ১০০০০০০.০০ | |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, **চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে "উপজেলা রাজস্ব তহবিল" (URF)-** এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন উপরোক্ত ; (ক) সূর্য্যমূখী ভবন এবং (২) গন্ধরাজ ভবন জরুরী ভিত্তিতে মেরামত কাজ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন করণসহ **আরএফকিউ (RFQ)** পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চুড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উপরোক্ত স্কীম সমূহের কাজ সমাপ্ত করতঃ ঠিকাদারের পাওনা **টা=১০,০০,০০০.০০ (দশ লক্ষ টাকা) মাত্র** চলতি **২০২৪-২৫ অর্থ বৎসরে "উপজেলা রাজস্ব তহবিল" (URF)-** এর খাত থেকে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

## "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF) ঃ

সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর আরও জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-** এর অর্থায়নে জরুরী ভিত্তিতে নিম্নে বর্ণিত স্কীম সমূহ বাস্তবায়নের নিমিত্তে **আরএফকিউ (RFQ)** কোটেশন দরপত্র আহবান করা যেতে পারে

**স্কীম সমূহ নিম্নরূপ ঃ**

| ক্রঃ নং | কাজের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | শিবচর উপজেলাধীন কাদিরপুর ইউনিয়নে মানিকপুর হাই স্কুল হতে কাদিরপুর উকিল বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত করণ কাজ। | ৭০০০০০.০০ | |
| ২ | শিবচর উপজেলাধীন চরজানাজাত ইউনিয়নে নদীর পাড় ট্রলার ঘাট হতে বাজার পর্যন্ত রাস্তা মেরামত করণ কাজ। | ৭০০০০০.০০ | |
| ৩ | শিবচর উপজেলাধীন উপজেলা পরিষদের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সিসিটিভি ক্যামেরা সরবরাহ ও স্থাপন কাজ। | ১৬০০০০.০০ | |
| ৪ | শিবচর উপজেলাধীন উপজেলা যুব উন্নয়ন অফিসের এ্যাটাষ্ট টয়লেট নির্মাণ কাজ। | ২৭৪০০০.০০ | |
| ৫ | শিবচর উপজেলাধীন উপজেলা হিসাবরক্ষণ অফিসের এ্যাটাষ্ট টয়লেট নির্মাণ কাজ। | ৪০০০০০.০০ | |
| ৬ | শিবচর উপজেলাধীন উপজেলা পরিষদ জোড়া বাড়ী কোয়ার্টার (দোলন চাপা) মেরামত কাজ। | ৩৮৫০০০.০০ | |
| | **সর্বমোট=** | **২৬১৯০০০.০০** | |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, **চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-** এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন উপরোক্ত স্কীম সমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন করণসহ **আরএফকিউ (RFQ)** পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল দরপত্র প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চুড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উপরোক্ত স্কীম সমূহের কাজ সমাপ্ত করতঃ ঠিকাদারের পাওনা **টা=২৬,১৯,০০০.০০ (ছাব্বিশ লক্ষ উনিশ হাজার টাকা) মাত্র** চলতি **২০২৪-২৫ অর্থ বৎসরে "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-** এর খাত থেকে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

## "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF) ঃ

সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর আরও জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-** এর অর্থায়নে জরুরী ভিত্তিতে বিভিন্ন ইউনিয়নে **মোট=৮৯ (উনানব্বই) টি** স্কীম পিআইসি এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য চুক্তি সম্পাদন এবং প্রকল্প বাস্তবায়ন কমিটিসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চুড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-** এর অর্থ খেকে উক্ত ব্যয় মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

## বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ঃ

(ক) সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)** খাতে এ পর্যন্ত **১ম কিস্তি ও ২য় কিস্তিতে সর্বমোট= (২২,৬৭,০০০.০০ + ২২,৬৭,০০০.০০)=৪৫,৩৪,০০০.০০ (পঁয়তাল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার টাকা)** মাত্র বরাদ্দ পাওয়া গিয়াছে। চলতি অর্থ বৎসরে এডিপি খাতে ১ম,২য়,৩য় ও ৪র্থ কিস্তির অর্থাৎ ৪ (চার) কিস্তির বরাদ্দ ধরে প্রকল্প গ্রহন করা যেতে পারে। **বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)** খাতের অর্থায়নের জরুরী ভিত্তিতে বিভিন্ন ইউনিয়নে **মোট=১৮ (আঠার) টি** স্কীম পিআইসি এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করাযেতে পারে। উল্লেখ্য যে, উপজেলা

শিক্ষার উপকরণের উন্নয়ন ও সরবরাহ খাতে মোট বরাদ্দের উপর ১৫% অর্থ ব্যয় করা যাবে। চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)"** খাতে ১ম,২য়,৩য় ও ৪র্থ কিস্তির অর্থাৎ ৪ (চার) কিস্তির বরাদ্দ সর্বমোট=৯০,৬৮,০০০.০০ টাকা মাত্র হলে মোট বরাদ্দের উপর ১৫% হিসাবে **টা=১৪,০০,০০০.০০ (চৌদ্দ লক্ষ মাত্র) টাকা** শিক্ষা খাতে অত্র শিবচর উপজেলাধীন বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মেধাবী, গরীব ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের মাঝে স্কুল ড্রেস বিতরণ করার স্কীম গ্রহন করে **আরএফকিউ (RFQ)** কোটেশন দরপত্র আহবান করা যেতে পারে।

| ক্রঃ নং | কাজের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP)"** এর আওতায় **অত্র শিবচর উপজেলাধীন বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মেধাবী, গরীব ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের মাঝে স্কুল ড্রেস বিতরণ কাজ। [ বিদ্যালয়ের নাম ঃ ২৪ নং চর জানাজাত জিপিএস, ২৫ নং নারিকেল্ল বাড়ী জিপিএস, ২৬ নং কাজিরসুরা জিপিএস, ২৭ নং উত্তর চর জানাজাত জিপিএস, ২৯ নং রিয়াজউদ্দিন মাদবর কান্দি জিপিএস, ৩০ নং পূর্ব খাস চর বন্দরখোলা জিপিএস, ৩১ নং জানাজাত কাঠালবাড়ী জিপিএস, ৩২ নং পুরানকান্দি জিপিএস ] (গ্রুপ নং-০১)** | ৭০০০০০.০০ | |
| ২ | চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP)"** এর আওতায় **অত্র শিবচর উপজেলাধীন বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মেধাবী, গরীব ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের মাঝে স্কুল ড্রেস বিতরণ কাজ। [ বিদ্যালয়ের নাম ঃ ৭১ নং খাস চর বন্দরখোলা জিপিএস, ৭২ নং নারিকেলবাড়ী জিপিএস, ৭৭ নং কাঠালবাড়ী জিপিএস, ১০২ নং চর বহেরাতলা জিপিএস, ১১৮ নং রাজারচর পল্লী মঙ্গল জিপিএস, ১২০ নং মালেক তালুকদার জিপিএস, ১৭৪ নং আব্দুল মজিদ বেপারী জিপিএস, ১৮০ নং মজিদ সরকার জিপিএস ] (গ্রুপ নং-০২)** | ৭০০০০০.০০ | |
| | | | |
| | **সর্বমোট=** | **১৪০০০০০.০০** | |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)"** খাতে ১ম,২য়,৩য় ও ৪র্থ কিস্তির অর্থাৎ ৪ (চার) কিস্তির বরাদ্দ সর্বমোট=৯০,৬৮,০০০.০০ টাকা মাত্র হলে মোট বরাদ্দের উপর ১৫% হিসাবে **১৪,০০,০০০.০০ টাকা মাত্র** শিক্ষা খাতে অত্র শিবচর উপজেলাধীন বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মেধাবী, গরীব ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের মাঝে স্কুল ড্রেস বিতরণের নিমিত্তে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে উক্ত বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ রেখে জরুরী ভিত্তিতে ২ (দুই) টি **(৭,০০,০০০.০০ *২)=১৪,০০,০০০.০০ (চৌদ্দ লক্ষ টাকা) মাত্র এর প্রাক্কলন প্রস্তুত করতঃ উহা অনুমোদন সহ আরএফকিউ (RFQ) পদ্ধতিতে** দরপত্র প্রক্রিয়ার সকল কার্য সম্পন্ন করতঃ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চুড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত স্কীম সমূহের কাজ সমাপ্ত করতঃ ঠিকাদারকে চুড়ান্ত পাওনা **টা=১৪,০০,০০০.০০ (চৌদ্দ লক্ষ মাত্র) টাকা** চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরের **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)"** এর খাত থেকে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। **বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতের অর্থায়নের** জরুরী ভিত্তিতে বিভিন্ন ইউনিয়নে মোট=১৮ (আঠার) টি স্কীম পিআইসি এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য চুক্তি সম্পাদন এবং প্রকল্প বাস্তবায়ন কমিটিসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চুড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরের **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)"**-এর খাত থেকে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, প্রাক-প্রাথমিক শ্রেণি হতে ৫ম শ্রেণি পর্যন্ত প্রাথমিক স্তরের সকল শিক্ষার্থীদের নিকট বিনা মূল্যে পাঠ্য পুস্তক বিতরণ করা হয়েছে। তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর এর প্রতিনিধি জানান যে, ৫৩তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ সফলভাবে শেষ হয়েছে ও শিবচর উপজেলার স্কাউট কাউন্সিল গঠন করা হয়েছে। ২০২৬ সালের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তকের চাহিদা প্রেরণ করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভায় উপস্থিত না থাকায় তার দপ্তর সর্ম্পকে কিছু জানা গেল না।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে বয়স্ক ভাতা ১৬২৪২ জন, বিধবা ভাতা-৫৬৪৯ জন, প্রতিবন্ধি ভাতা-৫৮৮৭ জন, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা-১৩৯জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ৪৩জন সহ মোট ২৭৯৮৪জনকে ২য় কিস্তির সকল ভাতার টাকা ছাড় হয়েছে। তিনি সভাকে আরোও অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থবছরে ৩য় কিস্তির পেরোল মার্চ মাসের শেষের দিকে ছাড়া হবে এবং নতুন ভাতার বরাদ্দ দেয়ার জন্য ইউনিয়ন পরিষদ থেকে তালিকা গ্রহণ করা হচ্ছে।এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর বলেন, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঞ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, ফেব্রুয়ারী/২০২৫ মাসে পরিবার পরিকল্পনা কাজের অগ্রগতি খাবার বড়ি ৬৭৪জন, কনডম ১২০৯৫ জন, মোট সক্ষম দম্পতি ৫৮৯৮৪ জন, মোট গ্রহণকারী ৪৮১৪৩ জন ও সি এ আর ৭৯.৪৬%। মা ও শিশু স্বাস্থ্য সেবার কার্যক্রম চলমান আছে। এ ছাড়াও শিবচর উপজেলায় ডিসেম্বর ২০২৪ মাসে ৬টি দীর্ঘমেয়াদী ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পে ১২৯ জন ইমপ্লানন ক্লায়েন্টকে সেবা প্রদান করা হয়। তিনি বলেন, যে সকল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে, সেখানে গর্ভবতী মায়েদের স্বাভাবিক প্রসব করাতে অনুরোধ জানান। তিনি গর্ভবতী মায়েদের বাড়ীতে প্রসব না করানোর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া তার বিভাগে সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ ডিজিএম**, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বর্তমান সেচ মৌসুম চলছে। অল্প খরচে কৃষকগণ জমিতে সেচ প্রদানের জন্য সেচ ক্যাম্পে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করছে। সরকারি নীতিমালা অনুযায়ী সেচ লাইসেন্স ছাড়া কোন সেচ সংযোগ প্রদান করা যাবে না। তাই সেচ কমিটি কর্তৃক যথাযথ ভাবে সেচ এলাকা পরিদর্শনপূর্বক সেচ সংযোগের লাইসেন্স প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া অনেক সরকারী/ বেসরকারী অফিসের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তিনি সকলকে নির্ধারিত সময়ের মধ্যে বিল পরিশোধের জন্য অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ অর্থবছরে ১৬.৫৫ কোটি টাকা, ডিসেম্বরর ২০২৪ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ১০.৬১ কোটি টাকা, ঋণ আদায় হয়েছে ১০.০৪ কোটি টাকা। ঋণ আদায়ের হার ৯৫%। খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা রুজু করাসহ সহযোগিতা প্রদানের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, শিবচরকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে বলেন যে, চলতি ২০২৪-২৫অর্থ বছরে কাবিটা, কাবিখা ও টি,আর এর বরাদ্দ পাওয়া গেছে। জনসংখ্যা ও আয়তন অনুপাতে ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়েছে। এছাড়া কিল্লাএবং সেতু/ কালভার্ট নির্মাণের কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

**সিদ্ধান্ত :** বিভাজন অনুযায়ী পরিপত্র অনুযায়ী প্রকল্প তালিকা দাখিল করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া প্রাপ্ত কম্বল ইউনিয়নের দুঃস্থ ও অসহায় এবং বয়স্ক ব্যক্তি, এতিম ও প্রতিবন্ধিদের মাঝে বিতরণপূর্বক মাস্টাররোল এ কার্যালয়ে দাখিল করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।

০২। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল) শিবচর, মাদারীপুর।

**(ঢ) উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি ও টিসিবি সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, শিবচর, মাদারীপুর বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরে চাহিদা ভিত্তিক জাতীয়করণ কৃত প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্পের আওতায় চরাঞ্চলের ছাত্র ছাত্রীদের উন্নত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করণের জন্য ১০টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণের জন্য দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। সাইড সিলেকশন কাজ চলমান রয়েছে। এ ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ মাত্রা ১৪টি ব্যাচে (রাজস্ব) ৪২০জন লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ চলছে। ইমপেক্ট প্রকল্পের প্রশিক্ষণ চলছে। যুব ঋণ কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী চলছে। (খলাপী আদায়ের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(দ) উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ২০২৫-২০২৬ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য সরেজমিনে যাচাইবাছাই চলছে। এ ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, অর্থনৈতিক শুমারি ২০২৪ এর তথ্য সংগ্রহের কাজ CAPI পদ্ধতিতে গত ১০-১২-২০২৪ তারিখ হতে ২৬-১২-২০২৪ পর্যন্ত সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পুরাতন নম্বর পরিবর্তিত হয়ে নতুন ০১৯১০০২১০৩৬ নাম্বার হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শিবচর সভাকে জানান যে, এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নে : ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শিবচর, মাদারীপুর।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**বাস্তবায়নে :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**বাস্তবায়নে :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**সিদ্ধান্ত :** ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।

**(র)উপজেলা আইসিটি অফিস :**সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলা অফিসসমূহ ও সকল ইউনিয়ন পরিষদের অফিসের ওয়েব পোর্টাল এখনও পর্যন্ত যারা হালনাগাদ করেননি, সে সকল দপ্তর প্রধানগণকে এবং ইউপি চেয়ারম্যানগণকে তার অফিসের স্ব স্ব ওয়েব পোর্টাল সহকারী প্রোগ্রামার এর সহযোগিতায় হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে : :** সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর।

(ল) **উপজেলা পাট অফিস :** উপজেলা পাট অফিসার, শিবচর, মাদারীপুর জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**(ব) উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত** আলোচনাঃউপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**বিবিধ আলোচনা-০১। ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর আলোচনা করেন যে, উপজেলা পরিষদ গেস্ট হাউসে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের ভিতরে ও বাইরে সর্বমোট ১৫টি সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং নিরাপত্তার সার্থে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা জরুরী প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্য উপজেলা পরিষদের অভ্যন্তরীন নিরাপত্তা বৃদ্ধি করার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণে একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহিবল থেকে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়ের বিল পরিশোধ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০২ঃ অফিস সরঞ্জাম ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা নির্বাহী অফিসারে অফিসের জন্য ০২টি ল্যাপটপ, ০২টি ডেস্কটপ ও ০২টি প্রিন্টার ক্রয় করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে অফিস সরঞ্জাম ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে অফিস সরঞ্জাম ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৩ঃ আসবাবপত্র ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের জন্য ৩০টি হাতাওয়ালা ফোম চেয়ার, অতিথি ভবনের জন্য ০১ সেট সোফা ক্রয় করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে আসবাবপত্র ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে আসবাবপত্র ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৪ঃ অপ্রত্যাশিত খাতে ব্যয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে প্রাকৃতি দুযোর্গ ও অগ্নিকার্ডে ক্ষতিগ্রস্থদের মাঝে রাজস্ব তহবিল থেকে ঢেউটিন ক্রয় করার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী অপ্রত্যাশিত খাতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে অপ্রত্যাশিত খাতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

## বিবিধ আলোচনা ঃ ৫ জরাজীর্ণ ব্রীজ/কালভার্ট নিলাম করণ ঃ

| ক্রঃ নং | অপসারনকৃত পুরাতন জরাজীর্ণ ব্রীজ/কালভার্ট এর নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১. | ভাঙ্গা-মাওয়া সড়কে (বাখরের কান্দি বাস ষ্ট্যান্ড হতে শরীয়তপুর আরএন্ডএইচ রোড) ভায়া ছোট কুতুবপুর হাট এবং কুতুবপুর গ্রোথ সেন্টার সড়কে ৬২০৬মিঃ চেইনেজে জরাজীর্ণ ১৫.০০ মিঃ আরসিসি গার্ডার ব্রীজ নিলাম করণ। (কুতুবপুর ইউপি) | |
| ০২. | ভাঙ্গা-মাওয়া সড়কে (বাখরের কান্দি বাস ষ্ট্যান্ড হতে শরীয়তপুর আরএন্ডএইচ রোড) ভায়া ছোট কুতুবপুর হাট এবং কুতুবপুর গ্রোথ সেন্টার সড়কে ৫১৩৮মিঃ চেইনেজে জরাজীর্ণ ১০.০০ মিঃ আরসিসি বক্সকালভার্ট নিলাম করণ। (কুতুবপুর ইউপি) | |
| ০৩. | ভাঙ্গা-মাওয়া সড়কে (বাখরের কান্দি বাস ষ্ট্যান্ড হতে শরীয়তপুর আরএন্ডএইচ রোড) ভায়া ছোট কুতুবপুর হাট এবং কুতুবপুর গ্রোথ সেন্টার সড়কে ২২০০মিঃ চেইনেজে জরাজীর্ণ ১০.০০ মিঃ আরসিসি বক্সকালভার্ট নিলাম করণ। (পাঁচ্চর ইউপি) | |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র শিবচর উপজেলাধীন উপরোল্লিখিত পুরাতন জরাজীর্ণ ব্রীজ/কালভার্ট নিলাম করণ এবং নিলামকৃত টাকা, উহার উপর আরোপিত আয়কর এবং ভ্যাট এর টাকা সরকারী কোষাগারে সংশ্লিষ্ট কোডে চালানের মাধ্যমে জমাকরণ এবং উক্ত চালান যথাযথ সংরক্ষণর সহ সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

## বিবিধ আলোচনা ঃ ৬ চান্দেরচর জিসি (নূরুল আমিন কলেজ) হতে ছিলারচর জিসি সড়ক ভায়া উত্তর ক্রোকচর এবং দক্ষিণ ক্রোকচর হাট সড়কের উন্নয়ন কাজের দুই পার্শ্বের জরাজীর্ণ মরা ও হেলা গাছ কর্তন ঃ

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র শিবচর উপজেলাধীন উপরোল্লিখিত চান্দেরচর জিসি (নূরুল আমিন কলেজ) হতে ছিলারচর জিসি সড়ক ভায়া উত্তর ক্রোকচর এবং দক্ষিণ ক্রোকচর হাট সড়কের উন্নয়ন কাজের রাস্তার দুই পার্শ্বের কিছু জরাজীর্ণ মরা ও হেলা গাছ বিদ্যমান রয়েছে। উক্ত রাস্তার কোন কোন অংশে রাস্তার ভিতরে গাছ রয়েছে এবং রাস্তার কোন কোন অংশে এজিং এর ভিতরে গাছ রয়েছে। মোট ২০ (বিশ) টি গাছ রয়েছে যাহা জরুরী ভিত্তিতে কর্তন করা একান্ত প্রয়োজন। বিধায়, ঐ সকল জরুরী ভিত্তিতে কর্তন করার জন্য সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

## বিবিধ আলোচনা ঃ ৭ "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF) ঃ

সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর আরও জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-** এর অর্থায়নে জরুরী ভিত্তিতে নিম্নে বর্ণিত স্কীম সমূহ বাস্তবায়নের নিমিত্তে **আরএফকিউ (RFQ)** কোটেশন দরপত্র আহবান করা যেতে পারে

**স্কীম সমূহ নিম্নরূপ ঃ**

| ক্রঃ নং | কাজের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | শিবচর উপজেলাধীন দত্তপাড়া ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের (১) আড়িয়াল খাঁ ব্রীজের পূর্ব পাশে পাবলিক টয়লেট নির্মাণ, (২) দত্তপাড়া ইউনিয়ন পরিষদে আসবাবপত্র সরবরাহ (৩) মৌলভীকান্দি কমিউনিটি ক্লিনিকে আসবাবপত্র সরবরাহ। (দত্তপাড়া) | ৯০০০০০.০০ | |
| ২ | শিবচর উপজেলাধীন মাদবরেরচর ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের শাহজাহান মোল্লার (সাজু মোল্লা) বাড়ি সড়কে আরসিসি রাস্তা নির্মাণ। (মাদবরেরচর) | ৯৪১৫৮৩.০০ | |
| ৩ | শিবচর উপজেলাধীন কাঠালবাড়ী ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের খান বাড়ি থেকে দেওয়ান বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং করন। (কাঠালবাড়ী) | ৯০০০০০.০০ | |
| ৪ | শিবচর উপজেলাধীন কাদিরপুর ইউনিয়নের ১ নং ওয়ার্ডের মানিকপুর মোড় পাকা রাস্তা থেকে মোতাহার আকনের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং করন কাজ। (কাদিরপুর) | ৪৮০০০০.০০ | |
| ৫ | শিবচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পেশেন্ট বেড সরবরাহ কাজ। (উপজেলা পরিষদ) | ১০০০০০০.০০ | |
| ৬ | শিবচর উপজেলাধীন থানা কমপাউন্ড সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে উপজেলা পরিষদ মাঠে খেলাধুলা সামগ্রী সরবরাহ ও প্রতিস্থাপন কাজ। (উপজেলা পরিষদ) | ৫১০০০০.০০ | |
| ৭ | শিবচর উপজেলা পরিষদের পুকুরের পার্শ্বে স্লোপ প্রোটেকশন মেরামত কাজ। (উপজেলা পরিষদ) | ৬০০০০০.০০ | |
| | **সর্বমোট=** | **৫৩৩১৫৮৩.০০** | |
| | | | |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, **চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-** এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন উপরোক্ত স্কীম সমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন করণসহ **আরএফকিউ (RFQ)** পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল দরপত্র প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চুড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উপরোক্ত স্কীম সমূহের কাজ সমাপ্ত করতঃ ঠিকাদারের পাওনা **টা=৫৩,৩১,৫৮৩.০০ (তিপ্পান্ন লক্ষ একত্রিশ হাজার পাঁচশত তিরাশি টাকা)** মাত্র চলতি **২০২৪-২৫ অর্থ বৎসরে "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-** এর খাত থেকে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

## বিবিধ আলোচনা ঃ ৮ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ঃ

সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর আরও জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)" প্রকল্প** খাতে ১ম,২য়,৩য় ও ৪র্থ কিস্তির অর্থাৎ ৪ (চার) কিস্তির বরাদ্দ সর্বমোট=৯০,৬৮,০০০.০০ টাকা মাত্র ধরে **e-GP-** এর মাধ্যমে **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** মোট ১৩ (তের)টি স্কীমের ১৩ (তের)টি প্যাকেজের দরপত্র আহবান করার জন্য **(HOPE)** কর্তৃক **গত ০৫-০৩-২০২৫ ইং** তারিখে **(APP )** অনুমোদন পাওয়া যায়। সে মোতাবেক ০১ (এক)টি দরপত্র নোটিশে **e-GP-** এর মাধ্যমে **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** দরপত্র আহবান করা যেতে পারে। সে অনুযায়ী উক্ত টেন্ডার এর বিপরীতে দাখিলকৃত দরপত্র সমূহের ঠিকাদারগণের দাখিলকৃত দর **একই দরে** দাখিল হলে তা **e-GP-** লটারী অনুষ্ঠানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ কার্যাদেশ পত্র প্রদানসহ চুক্তি সম্পাদন করে প্রকল্পের কাজ সমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করতঃ **৩০'জুন এর পূর্বেই** চুড়ান্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা ঃ ৯** সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)** প্রকল্পের আওতায় **e-GP-** এর মাধ্যমে **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** মোট ৪৫ (পঁয়তাল্লিশ)টি স্কীমের ৪৫ (পঁয়তাল্লিশ)টি প্যাকেজের দরপত্র আহবান করার জন্য **(HOPE)** কর্তৃক **স্বল্প সময়ের মধ্যে (APP )** অনুমোদন করতঃ প্রাক্কলন অনুমোদনসহ বিভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন টেন্ডার নোটিশে **e-GP-** এর মাধ্যমে **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** দরপত্র আহবান করা যেতে পারে। সে মোতাবেক উক্ত টেন্ডার এর বিপরীতে দাখিলকৃত দরপত্র সমূহের ঠিকাদারগণের দাখিলকৃত দর **একই দরে** দাখিল হলে তা **e-GP-** লটারী অনুষ্ঠানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ কার্যাদেশ পত্র প্রদানসহ চুক্তি সম্পাদন করে প্রকল্পের কাজ সমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করতঃ **৩০'জুন এর পূর্বেই** চুড়ান্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-১০ ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং সচেতনতা সৃষ্টির মাধ্যমে খাদ্যে ভেজাল প্রতিরোধ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-১১ ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত

বাস্তবায়নেঃ ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।

২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

সভাপতি বলেন যে, ঝাটকা ইলিশ ও অবৈধ ভাবে ড্রেজার দিয়ে বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। তিনি সরকারী নীতিমালা/বিধি/ পরিপত্রের আলোকে কাজ করার জন্য সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানান। সভাপতি বলেন যে সকল ইউনিয়ন পরিষদে বাউন্ডারী ওয়াল নেই, সে সকল ইউনিয়ন পরিষদে বাউন্ডারী ওয়াল নির্মাণ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তাকে অনুরোধ জানান।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( পারভীন খানম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২২- তারিখঃ ১১-৩-২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৪। জেলা প্রশাসক, মাদারীপুর।

৫। উপজেলা ............................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

৬। চেয়ারম্যান ............................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

৭। জনাব ................................................ শিবচর, মাদারীপুর।

৮। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।